"সোনার বাংলায় মুজিববর্ষে,
সমাজকল্যাণ এগিয়ে চলে"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সুবর্ণচর, নোয়াখালী।
**www.dss.subarnachar.noakhali.gov.bd**

স্মারক নম্বর: ৪১.০১.৭৫৮৫.০০০.২৭.৯৯.২১.৪০

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সকল ছাত্র/ছাত্রী, শিক্ষকমন্ডলী এবং ছাত্র/ছাত্রীদের সম্মানিত অভিভাবকবৃন্দ, প্রতিষ্ঠাতা, দাতা ও শিক্ষক প্রতিনিধিসহ সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা নির্বাহী অফিসার, সুবর্ণচর, নোয়াখালী মহোদয়ের স্মারক নং-০৫.৪২.৭৫৮৫.০০১.০৮.১০৫.২০২২.৮৪/৪, তারিখ : ২৫/০১/২০২২ খ্রি. মূলে দায়িত্বপ্রাপ্ত হয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি বিধানমালা-২০১৯ এর আলোকে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক বাংলা বাজার দাখিল মাদরাসা, সুবর্ণচর, নোয়াখালী এর ম্যানেজিং কমিটির নির্বাচন-২০২২ এর নিম্নরূপ নির্বাচনী তফসিল ঘোষণা করা হলো।

নির্বাচনী তফসিল

| ক্রঃ নং | কর্মসূচি | স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০১ | মনোনয়ন পত্র বিক্রয়/ বিতরণ | সুপার এর কার্যালয় বাংলা বাজার দাখিল মাদরাসা, সুবর্ণচর, নোয়াখালী। | ২৪/০২/২০২২ খ্রি. হতে ২৬/০২/২০২২ খ্রি. পর্যন্ত | সকাল ১০ টা হতে বিকাল ০৪ টা পর্যন্ত। |
| ০২ | মনোনয়ন পত্র দাখিল/গ্রহন | ঐ | ২৭/০২/২০২২ খ্রি. হতে ২৮/০২/২০২২ খ্রি. পর্যন্ত | সকাল ১০ টা হতে বিকাল ০৪ টা পর্যন্ত। |
| ০৩ | মনোনয়ন পত্র বাছাই | ঐ | ০১/০৩/২০২২ খ্রি. | সকাল ১১ টা |
| ০৪ | বৈধ মনোনয়ন পত্র ও বাতিলকৃত মনোনয়ন পত্রের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | নোটিশ বোর্ড, বাংলা বাজার দাখিল মাদরাসা, সুবর্ণচর, নোয়াখালী। | ০১/০৩/২০২২ খ্রি. | বাছাই সমাপ্তির পর |
| ০৫ | মনোনয়নপত্র বাতিলের বিষয়ে আপীল আবেদন দাখিল | উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয় সুবর্ণচর, নোয়াখালী। | ০২/০৩/২০২২ খ্রি. হতে ০৪/০৩/২০২২ খ্রি. পর্যন্ত | অফিস চলাকালীন সময়ে |
| ০৬ | আপীল আবেদনের উপর শুনানী ও সিদ্ধান্ত প্রদান | ঐ | ০৫/০৩/২০২২ খ্রি. | বিকাল ০৫ ঘটিকা |
| ০৭ | বৈধ ও বাতিলকৃত প্রার্থীর চুড়ান্ত তালিকা প্রকাশ | নোটিশ বোর্ড, বাংলা বাজার দাখিল মাদরাসা সুবর্ণচর, নোয়াখালী। | ০৬/০৩/২০২২ | সকাল ১০ ঘটিকা |
| ০৮ | প্রার্থীত পদ প্রত্যাহার | সুপার এর কার্যালয়, বাংলা বাজার দাখিল মাদরাসা, সুবর্ণচর, নোয়াখালী। | ০৭/০৩/২০২২ খ্রি. | সকাল ১১টা হতে বিকাল ০৪ টা পর্যন্ত |
| ০৯ | চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | নোটিশ বোর্ড বাংলা বাজার দাখিল মাদরাসা, সুবর্ণচর নোয়াখালী। | ০৮/০৩/২০২২ খ্রি. | বিকাল ০৩ ঘটিকা |
| ১০ | ভোট গ্রহণ | বাংলা বাজার দাখিল মাদরাসা সুবর্ণচর, নোয়াখালী। | ১৮/০৩/২০২২ খ্রি. | সকাল ১০টা হতে বিকাল ৪টা পর্যন্ত। |
| ১১ | ভোট গণণা ও নির্বাচনী ফলাফল ঘোষণা | সুপার এর কার্যালয় বাংলা বাজার দাখিল মাদরাসা, সুবর্ণচর, নোয়াখালী। | ১৮/০৩/২০২২ খ্রি. | ভোট গণণা শেষে। |

নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয়সমূহ:

০১) তফসিল মোতাবেক সুপার, বাংলা বাজার দাখিল মাদরাসা, সুবর্ণচর, নোয়াখালী মহোদয়ের নিকট হতে মনোনয়নপত্র ক্রয় করতে হবে এবং তাঁর নিকট মনোনয়নপত্র এবং প্রার্থিতা প্রত্যাহারের আবেদন দাখিল করতে হবে।

22/02/22

০২) ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদিত চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী নির্বাচন অনুষ্ঠিত হবে। তবে যে সকল ছাত্র/ছাত্রী নির্বাচনের পূর্বে মাদ্রাসা/প্রতিষ্ঠান ত্যাগ করবে সে সমস্ত ভোটার নির্বাচনে ভোট দান কিংবা প্রার্থী হতে পারবেন না। প্রবিধান ১৩ মোতাবেক ম্যানেজিং কমিটি কর্তৃক নির্ধারিত মূল্যে যে কোন ব্যাক্তি ভোটার তালিকা ক্রয় করতে পারবে।

০৩) মনোনয়নপত্র জামানত ফি: ম্যানেজিং কমিটি কর্তৃক নির্ধারিত ফি জমা দিয়ে মনোনয়নপত্র গ্রহণ করতে পারবেন।

০৪) সকল মনোনয়নপত্র সিলগালা খামে এবং খামের উপর প্রেরক, প্রাপক ও পদের নাম উল্লেখসহ জমা দিতে হবে।

০৫) ব্যালট পেপারে প্রার্থীর নামের ডান পার্শ্বের খালি ঘরে x (ক্রস চিহ্ন) দিয়ে ভোট দিতে হবে।

০৬) কোন প্রার্থী নির্বাচনী প্রচারণায় কোনরূপ মিছিল, জনসভা, অভিভাবক সভা, শোভাযাত্রা, লাউড স্পিকার, পোষ্টার, দেওয়াল লিখন ও সাইকেল গাড়ি বহর বের করতে পারবেন না। প্রচারণায় শুধুমাত্র ৫$\frac{১}{২}$ ইঞ্চি x ৮$\frac{১}{২}$ ইঞ্চি সাদা কালো লিফলেট ব্যবহার করতে পারবেন। এ ছাড়া অন্য কোন খাতে অর্থ ব্যয় করা যাবে না এবং কোন ক্যাম্প স্থাপন যাবেনা।

০৭) মনোনয়নপত্রে প্রার্থীর প্রস্তাবক, সমর্থকের নাম ভোটার তালিকার সহিত মিল থাকতে হবে। সকল শ্রেণীর প্রার্থী, প্রস্তাবক, সমর্থক একই শ্রেণীর হতে হবে। একই ব্যক্তি একাধিক পদে প্রার্থী হতে পারবেন না। শিক্ষক অভিভাবক হলেও ঐ পদের প্রার্থী হতে পারবেন না।

০৮) নিবাচনের তারিখসহ উল্লেখিত তফসিল বিভাগীয়/সরকারি কাজে/অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির কারণে আংশিক/ সম্পূর্ন পরিবর্তন হতে পারে। উপর্যুক্ত তফসিলের বাহিরে নির্বাচন সংক্রান্ত বিষয়ে কোন ঘোষণা বা বিজ্ঞপ্তি থাকলে তা বিদ্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। নির্বাচন সংক্রান্ত কোন বিষয় জানার থাকলে সুপার, বাংলা বাজার দাখিল মাদরাসা, সুবর্ণচর, নোয়াখালী এর সাথে যোগাযোগ করা যাবে (মোবাইল নাম্বার ০১৬২৮-৭২৪৮৪১)।

০৯) তফসিল সংশোধন, পরিবর্তন ও নির্বাচন চলাকালীন নির্বাচন সংশ্লিষ্ট বিষয়ে প্রিজাইডিং অফিসারের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোহাম্মদ নুরুন নবী)
উপজেলা সমাজসেবা অফিসার
সুবর্ণচর, নোয়াখালী।
ও
প্রিজাইডিং অফিসার
বাংলা বাজার দাখিল মাদ্রাসা এর ম্যানেজিং কমিটির নির্বাচন, ২০২২
মোবাইল: ০১৮৫৭-৯০৬৬১০
☎ ০২৩৩৪৪৯৬০৬০
Email: usso.subarnachar@dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৭৫৮৫.০০০.২৭.৯৯.২১.৪০ তারিখ: ২২/০২/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১) চেয়ারম্যান, সুবর্ণচর উপজেলা পরিষদ, সুবর্ণচর, নোয়াখালী।
০২) উপজেলা নির্বাহী অফিসার, সুবর্ণচর, নোয়াখালী।
০৩) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সুবর্ণচর মডেল থানা, সুবর্ণচর, নোয়াখালী।
০৪) সভাপতি, ম্যানেজিং কমিটি, বাংলা বাজার দাখিল মাদরাসা, সুবর্ণচর, নোয়াখালী।
০৫) সুপার, বাংলা বাজার দাখিল মাদরাসা, সুবর্ণচর, নোয়াখালী। তাঁকে প্রবিধান মোতবেক অত্র তফসিলটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬) অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড।
০৭) অফিস কপি/গার্ড ফাইল/অতিরিক্ত কপি।

22/02/22

উপজেলা সমাজসেবা কর্মকর্তা
সুবর্ণচর, নোয়াখালী।